গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moi.gov.bd

১৫.০০.০০০০.০১৪.১৬.০১৪.১৩. 800

তারিখঃ ০৮ চৈত্র ১৪২২
২২ মার্চ ২০১৬

বিষয়ঃ **দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশ।**

তথ্য মন্ত্রণালয়ের অকেজো ঘোষিত মাইক্রোবাস নং-ঢাকা-মেট্রো-চ-০২-২৫৬১ নিলামে বিক্রির দরপত্র বিজ্ঞপ্তিটি 'দৈনিক যুগান্তর', 'বাংলাদেশ প্রতিদিন' ও 'The Daily SUN' পত্রিকায় আগামী ২৫ মার্চ, ২০১৬ তারিখের মধ্যে একবার ভিতরের পাতায় সংক্ষিপ্ত পরিসরে হুবহু মুদ্রণ/প্রকাশ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০২। দরপত্র বিজ্ঞপ্তিটি মুদ্রণ/প্রকাশের পর ০২(দুই) কপি পত্রিকা এবং ০৩(তিন) কপি বিল নিম্নস্বাক্ষরকারীর বরাবরে প্রেরণ করতে হবে।

সংযুক্তিঃ দরপত্র বিজ্ঞপ্তি ০৫ (পাঁচ) ফর্দ।

22/03
(শাহানারা বেগম)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৫০৮২
E-mail:sas.admin1@moi.gov.bd

বিতরণ (জ্ঞাতার্থে ও কার্যার্থে):

০১। সম্পাদক, দৈনিক যুগান্তর, ক-২৪৪ প্রগতি সরণী, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা।
০২। সম্পাদক, বাংলাদেশ প্রতিদিন, প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বসুন্ধরা আবাসিক এলাকা, ঢাকা।
০৩। সম্পাদক,' The Daily SUN, প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বসুন্ধরা আবাসিক এলাকা, ঢাকা।
০৪। সিস্টেম এনালিস্ট, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (নিলাম বিজ্ঞপ্তিটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৫। অতিরিক্ত সচিব/অতিরিক্ত সচিব (প্রশাসন)/উপ-সচিব (প্রশাসন) মহোদয়গণের ব্যক্তিগত কর্মকর্তা, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moi.gov.bd

নং-১৫.০০.০০০০.০১৪.১৬.০১৪.১৩. ৩৭৭

তারিখ: ০৮ চৈত্র ১৪২২ / ২২ মার্চ ২০১৬

**অকেজো গাড়ি নিলামে বিক্রয়ের পুন: দরপত্র বিজ্ঞপ্তি**

তথ্য মনন্ত্রণালয়ের অকেজো ঘোষিত নিম্নোক্ত মাইক্রোবাসটি 'যেখানে যে অবস্থায় আছে, ভিত্তিতে শর্তসাপেক্ষে নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হতে নিজস্ব প্যাডে সীলমোহরকৃত দরপত্র আহ্বান করা যাচ্ছে:

| ক্রমিক নং | মাইক্রোবাসের বিবরণ | মাইক্রোবাসের বর্তমান অবস্থান |
|---|---|---|
| ০১. | ঢাকা-মেট্রো-চ-০২-২৫৬১ | চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর, ১১২, সার্কিট হাউস রোড, ঢাকা। |

দরপত্র দাখিলের জন্য দরপত্র বাক্স বাংলাদেশ সচিবালয়ের ১ নং গেইটে অবস্থিত দর্শনার্থী কক্ষে রক্ষিত থাকবে। আগ্রহী দরদাতাগণ আগামী ১২/০৪/২০১৬ তারিখ রোজ মঙ্গলবার দুপুর ১:০০ টা পর্যন্ত দরপত্র বাক্সে দরপত্র দাখিল করতে পারবেন। উক্ত তারিখে উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) ঐ দিন বিকাল ২:০০ টায় দরপত্রসমূহ খোলা হবে। দরপত্র সিডিউল বাবদ ২০০/- টাকা নির্ধারিত কোডে (নম্বর: ১-৩৩০১-০০০১-২০৩৭)-তে ট্রেজারি চালানের মাধ্যমে জমা প্রদান করত: ট্রেজারী চালানের মূলকপি দাখিলপূর্বক মন্ত্রণালয়ের প্রশাসন-১ শাখা হতে ১১/০৪/২০১৬ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে দরপত্র সিডিউল সংগ্রহ করা যাবে। দরপত্রের যাবতীয় শর্তাবলী সিডিউলে এবং মন্ত্রণালয়ের ওয়েব সাইটে পাওয়া যাবে। দরপত্র দাখিলের দিন কোন সিডিউল বিক্রি করা হবে না। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

২২/৩/১৬

(শাহানারা বেগম)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৪৫০৮২
email: sas.admin1@moi.gov.bd

F:\Microbus\Letter.doc

**প্রতিটি সিডিউলের মূল্য =২০০/-**
**(দুইশত) টাকা (অফেরতযোগ্য)**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moi.gov.bd

নং-১৫.০০.০০০০.০১৪.১৬.০১৪.১৩. ৪০১

তারিখ: ০৮ চৈত্র ১৪২২ / ২২ মার্চ ২০১৬

বিষয়: **তথ্য মনন্ত্রণালয়ের অকেজো ঘোষিত মাইক্রোবাস (নং- ঢাকা-মেট্রো-চ-০২-২৫৬১) নিলামে বিক্রয়ের দরপত্র সিডিউল।**

তথ্য মনন্ত্রণালয়ের অকেজো ঘোষিত মাইক্রোবাসটি 'যেখানে যে অবস্থায় আছে, ভিত্তিতে নিলামে বিক্রয়ের উদ্দেশ্যে আগ্রহী ক্রেতাদের নিকট হতে নিজস্ব প্যাডে সীলমোহরকৃত দরপত্র আহ্বান করা যাচ্ছে। ইচ্ছুক ক্রেতাগণ সিডিউল সংগ্রহের পর নিম্নবর্ণিত মাইক্রোবাসটি সরেজমিনে পরিদর্শনপূর্বক প্রদত্ত নিয়মাবলী মোতাবেক দরপত্র দাখিল করতে পারবেন।

| ক্র: নং | গাড়ির রেজি: নম্বর | টাইপ | পরিদর্শনের স্থান | সংরক্ষিত মূল্য | মাইক্রোবাসটির মূল্য অংকে ও কথায় লিখতে হবে। | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | অংকে | কথায় |
| ০১. | ঢাকা-মেট্রো-চ-০২-২৫৬১ | (ক) রেজি নং- ঢাকা-মেট্রো-চ-০২-২৫৬১<br>(খ) নির্মাতা-মিটসুবিসি<br>(গ) গাড়ির ধরণঃ মাইক্রোবাস<br>(ঘ) প্রস্তুতকাল: ১৯৯২<br>(ঙ) চেসিস নং-WA00243<br>(চ) ইঞ্জিন নং-HU5757<br>(ছ) ইঞ্জিন: পেট্রোল<br>(জ) সিলিন্ডারের সংখ্যাঃ ০৪(চার)। | চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর, ১১২, সার্কিট হাউস রোড, ঢাকা। | ১,১০,০০০/- | | |

**দরপত্র দাখিলের শর্তাবলী:**

(ক) সকল কার্যদিবসে সকাল ০৯:০০ টা থেকে বিকাল ৫:০০ টা পর্যন্ত উপরে বর্ণিত নম্বরের মাইক্রোবাসটি চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর, ১১২, সার্কিট হাউস রোড, ঢাকা পরিদর্শন করা যাবে;

(খ) ১১/০৪/২০১৬ তারিখ দুপুর ১:০০ টার পর কোন সিডিউল বিক্রি করা হবে না;

(গ) দরপত্র দাখিলের সর্বশেষ তারিখ ও সময় ১২/০৪/২০১৬ তারিখ দুপুর ১:০০ টা পর্যন্ত এবং একই দিন দুপুর ২:০০ টায় দরপত্র দাতাগণের উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হবে;

(ঘ) দরপত্রসমূহ বাংলাদেশ সচিবালয়ের ১নং গেইটে অবস্থিত দর্শনার্থী কক্ষে রক্ষিত দরপত্র বাক্সে দাখিল করতে হবে;

(ঙ) সিডিউলের ডানপার্শ্বে নির্দিষ্ট কলামে মাইক্রোবাসটির একক মূল্য অংকে ও কথায় উল্লেখ করতে হবে। কোন কাটাকাটি/ছেঁড়া দরপত্র গ্রহণযোগ্য হবে না। সিডিউলের প্রতি পৃষ্ঠায় দরদাতার স্বাক্ষর ও তারিখ লিখতে হবে।

(চ) মাইক্রোবাসটির জন্য প্রকৃত মূল্যের ৫% জামানত হিসেবে বাংলাদেশের যে কোন রাষ্ট্রায়ত্ব তফসীলভুক্ত ব্যাংক কর্তৃক ইস্যুকৃত পে-অর্ডার/ব্যাংক ড্রাফ্‌ট সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবর দরপত্রের সাথে সংযুক্ত করতে হবে। জামানত ব্যতীত কোন দরপত্র গ্রহণযোগ্য হবে না।

(চলমান পাতা/০২)

(ছ) কৃতকার্য দরদাতাকে প্রাপ্ত গাড়ির উদ্ধৃত মূল্যের ৩% উৎস কর এবং ১.৫০% ভ্যাটসহ সম্পূর্ণ টাকা নির্ধারিত কোড নম্বর অনুযায়ী ট্রেজারী চালানের মাধ্যমে বাংলাদেশ ব্যাংকে/সোনালী ব্যাংকে জমা প্রদান করে চালানের কপি ট্রেজারি অফিস হতে প্রতিপাদন করে দাখিল করার পর গাড়ির সরবরাহ আদেশ জারি করা হবে।

(জ) অকৃতকার্য দরদাতাগণের পে-অর্ডার/ব্যাংক ড্রাফ্‌ট দরপত্র ও প্রস্তাব মূল্যায়ন কমিটির (TEC) সিদ্ধান্ত মোতাবেক ফেরত দেয়া হবে।

(ঝ) প্রথম সর্বোচ্চ দরদাতা সম্পূর্ণ টাকা জমা না দেয়া পর্যন্ত দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাদের পে-অর্ডার/ব্যাংক ড্রাফ্‌ট ফেরত দেয়া হবে না।

(ঞ) কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন বা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

২২/৫/০৮/১

(শাহানারা বেগম)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৪৫০৮২
email: sas.admin1@moi.gov.bd

দরদাতার স্বাক্ষরসহ পূর্ণ নাম, তারিখ ও ঠিকানা

..............................................................

..............................................................

..............................................................

টেলিফোন/মোবাইল নম্বর:

F:\Microbus\Letter.doc